# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩০৫২

২৭/ আদব

পরিচ্ছেদঃ অনাথ-এতীম, কন্যা-সন্তান ও সমস্ত দুর্বল ও দরিদ্রের সঙ্গে নম্রতা, তাদের প্রতি দয়া ও তাদের সঙ্গে বিনম্র ব্যবহার করার গুরুত্ব

### আরবী

وَعَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنها قَالَتْ : جَاءَتني مِسْكينةٌ تَحْمِلُ ابْنَتَيْن لَهَا فَأطْعَمْتُها ثَلاَث تَمرَات فَأعْطَتْ كُلَّ وَاحِدَةٍ مِنْهُمَا تَمْرَةً وَرَفَعتْ إلَى فِيها تَمْرَةً لِتَأكُلها فَاسْتَطعَمَتهَا ابْنَتَاهَا فَشقَّتِ التَّمْرَةَ الَّتي كَانَتْ تُريدُ أن تَأكُلَهَا بَيْنَهُمَا فَأعجَبَنِي شَأنُهَا فَذَكَرْتُ الَّذي صَنَعَتْ لِرَسُولِ الله ﷺ فَقَالَ إنَّ الله قَدْ أوْجَبَ لَهَا بِهَا الجَنَّةَ أَوْ أعتَقَهَا بِهَا مِنَ النَّارِ

رواه مسلم

### বাংলা

(৩০৫২) আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, এক মিসকীন মহিলা তার দু'টি কন্যাকে (কোলে) বহন করে আমার কাছে এল। আমি তাকে তিনটি খুরমা দিলাম। অতঃপর সে তার কন্যা দু'টিকে একটি একটি করে খুরমা দিল এবং সে নিজে খাবার জন্য একটি খুরমা মুখগুপর্যন্ত তুলল। কিন্তু তার কন্যা দু'টি সেটিও খেতে চাইল। সুতরাং মহিলাটি যে খেজুরটি নিজে খেতে ইচ্ছা করেছিল, সেটিকে দু'ভাগে ভাগ ক'রে তাদের মধ্যে বন্টন ক'রে দিল। সুতরাং তার (এ) অবস্থা আমাকে মুগ্ধ করল। তাই আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট মহিলাটির ঘটনা বর্ণনা করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''নিশ্চয় আল্লাহ তাআলা তার জন্য তার এ কাজের বিনিময়ে জান্নাত ওয়াজিব ক'রে দিয়েছেন অথবা তাকে জাহান্নাম থেকে মুক্ত ক'রে দিয়েছেন।

### ফুটনোট

(মুসলিম ৬৮৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66800

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন